“আমি যদি কাউকে কারো জন্য সাজদাহ করার আদেশ করতাম, তাহলে নারীকে আদেশ করতাম, সে যেন তার স্বামীকে সাজদাহ করে।”

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম
বলেন, “আমি যদি কাউকে কারো জন্য সাজদাহ করার আদেশ করতাম, তাহলে নারীকে আদেশ করতাম,
সে যেন তার স্বামীকে সাজদাহ করে।” [সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যদি কাউকে অন্য কারো উদ্দেশ্যে সাজদাহ করার আদেশ করতেন, তাহলে নারীকে আদেশ করতেন, সে যেন তার স্বামীকে সাজদাহ করে। তার ওপর তার অধিকারের সম্মানার্থে। কিন্তু গাইরুল্লাহর জন্য সাজদাহ করা হারাম; কোনোক্রমেই তা বৈধ নয়।

http://sunnah.global/hadeeth/bn/show/5826